অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/1/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অক্টোবরকে গৃহনির্যাতন সচেতনতা মাস ঘোষণা কোরেল ইস্তেহার জারি করলেন

আজকে 1 অক্টোবর রাতে, এবং 19 অক্টোবর, "বেগুনি বৃহস্পতিবারে" ভুক্তভোগীদের সম্মানে স্টেটের ল্যান্ডমার্কগুলিকে বেগুনি আলোয় আলোকিত করার নির্দেশ দিলেন

নিউ ইয়র্ক স্টেট গৃহনির্যাতন প্রতিরোধ অফিস এবং নিউ ইয়র্ক স্টেট সাধারণ সেবা অফিস একত্রে নিউ ইয়র্ক স্টেট ক্লথসলাইন প্রকল্পের আয়োজন করবে

নিউ ইয়র্ক স্টেট গৃহনির্যাতন প্রতিরোধ অফিস সাপ্তাহিক 'গৃহনির্যাতন 101' প্রশিক্ষণ আয়োজন করবে

সিরাকিউজ ইউনিভার্সিটির সাথে সহযোগিতা করে নিউ ইয়র্ক স্টেট অফিস আয়োজন করবে কথোপকথন শুরু: পুরুষ ও ছেলেদের জড়িতকরণ প্যানেল

ঘোষণাপত্রটি এখানে পড়ুন

গভর্নর ক্যাথি হোকল আজকে অক্টোবরকে নিউ ইয়র্ক স্টেটে গৃহনির্যাতন সচেতনতা মাস (Domestic Violence Awareness Month) হিসেবে স্বীকৃতিদান করলেন, ইস্তেহার জারি করলেন, এবং আজকে 1 অক্টোবর রাতে, এবং 19 অক্টোবর, বেগুনি বৃহস্পতিবারে গৃহনির্যাতন দ্বারা প্রভাবিতদের সম্মানে স্টেটের ল্যান্ডমার্কগুলিকে বেগুনি আলোয় আলোকিত করার নির্দেশ দিলেন। ইস্তেহারের সাথে একই সময়ে, গৃহনির্যাতন প্রতিরোধ অফিস (Office for the Prevention of Domestic Violence, OPDV) সাপ্তাহিক 'গৃহনির্যাতন 101' এবং 'সামাজিক সেবা জেলার জন্য লিঙ্গভিত্তিক সহিংসতা সচেতনতা প্রশিক্ষণ' আয়োজন করবে, নিউ ইয়র্ক স্টেট সাধারণ সেবা অফিসের (Office of General Services, OGS)সহযোগিতায় নিউ ইয়র্ক স্টেট ক্লথসলাইন প্রকল্প (New York State Clothesline Project) আয়োজন করবে, সিরাকিউজ ইউনিভার্সিটির (Syracuse University) সাথে কাজ করে কথোপকথন শুরু: পুরুষ ও ছেলেদের জড়িতকরণ প্যানেল (Start the Conversation: Engaging Men and Boys Panel) আয়োজন করবে, এবং #PurpleThursday কে স্বীকৃতিদান করবে।

"আমার মা তার সারা জীবন গৃহনির্যাতনের ভুক্তভোগীদের সাহায্য করতে নিবেদিত করেছেন, এবং তার স্মৃতি প্রতিদিন আমাকে পদক্ষেপ গ্রহণে অনুপ্রাণিত করে," **গভর্নর হোকল বলেন।**

"এই মাসে ভুক্তভোগীদের সম্মান জানাতে সময় নেওয়ার পাশাপাশি আমরা গৃহনির্যাতন প্রতিরোধে এবং নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখতে আমাদের প্রতিশ্রুতিরও স্বীকৃতিদান করছি। গৃহনির্যাতন শেষ করতে এবং ভুক্তভোগীদের সমর্থন করতে আমি আমার কাছে থাকা সকল হাতিয়ার ব্যবহার করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।"

নির্বাহী আদেশ 19 অনুসারে, সকল নিউ ইয়র্ক স্টেট এজেন্সি অভ্যন্তরীণ লিঙ্গভিত্তিক সহিংসতা ও কর্মক্ষেত্রের নীতিমালা তৈরি করেছে এবং গৃহনির্যাতন প্রতিরোধ অফিস প্রায় 70,000 নিউ ইয়র্ক স্টেট কর্মীকে লিঙ্গভিত্তিক সহিংসতা ও কর্মক্ষেত্রের প্রশিক্ষণে প্রশিক্ষিত করেছে।

নিউ ইয়র্ক স্টেট গৃহনির্যাতন প্রতিরোধ অফিসের নির্বাহী পরিচালক কেলি ওয়েন্স বলেন, "গৃহনির্যাতন শুধু বাড়িতে সীমাবদ্ধ নয়, তাই আমাদের শুধু বাড়িতে এর ব্যাপারে কথা বলা উচিত না। গৃহনির্যাতন এবং লিঙ্গভিত্তিক সহিংসতায় আক্রান্তরা প্রায়শই কর্মক্ষেত্রে, সম্প্রদায়ে, এবং নিজেদের প্রিয়জনদের থেকে সাহায্য সন্ধান করে। কথোপকথন শুরু করার এবং সংস্থানের উপলভ্যতা সম্পর্কে জানার এখনই সময়। লিঙ্গভিত্তিক সহিংসতা ও কর্মক্ষেত্রের প্রশিক্ষণের মাধ্যমে প্রায় 70,000 নিউ ইয়র্ক স্টেট কর্মীকে প্রশিক্ষিত করতে পেরে OPDV গর্বিত এটি কীভাবে কর্মক্ষেত্রে গৃহনির্যাতন এবং লিঙ্গভিত্তিক সহিংসতার সমাধান করতে হয় তার ব্যবস্থা প্রদান করে। লিঙ্গভিত্তিক সহিংসতার শিকার হওয়া আপনার কর্মীদের সুরক্ষাদানের জন্য এবং এই গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার চলমান প্রতিশ্রুতির জন্য আপনাকে ধন্যবাদ, গভর্নর হোকল।"

সিরাকিউজ ইউনিভার্সিটির সাথে সহযোগিতায়, OPDV একটি প্যানেল আয়োজন করবে যার মনোযোগ হবে লিঙ্গ ভিত্তিক সহিংসতার বিরুদ্ধে দায়বদ্ধতার একটি প্রতিজ্ঞা (Pledge of Accountability Against Gender-Based Violence)। প্রতিজ্ঞাটি হলো সহিংসতা প্রতিরোধে পুরুষ ও ছেলেদের ভূমিকা বৃদ্ধি করতে স্টেটের বৃহত্তর প্রয়াসের একটি অংশ। লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডোর সাথে অংশীদারিত্বে, OPDV লিঙ্গ ভিত্তিক সহিংসতার বিরুদ্ধে দায়বদ্ধতার একটি প্রতিজ্ঞা শুরু করেছে এবং 12 এপ্রিল আমাদের কথোপকথন শুরু: পুরুষ ও ছেলেদের জড়িতকরণ প্যানেল মিডিয়া ক্যাম্পেইন শুরু হবে। প্যানেলের উদ্দেশ্য হবে প্যানেলিস্টরা কেন *লিঙ্গ ভিত্তিক সহিংসতার বিরুদ্ধে দায়বদ্ধতার একটি প্রতিজ্ঞায় স্বাক্ষর করেছে* এবং কীভাবে তারা তাদের জীবনে লিঙ্গভিত্তিক সহিংসতা প্রতিরোধ করছে সেই ব্যাপারে একটি আলোচনা। 24 অক্টোবর, সন্ধ্যা 6টায় সিরাকিউজ ইউনিভার্সিটিতে এই ইভেন্টটি আয়োজিত হবে। OPDV তাদের লিঙ্গ ভিত্তিক সহিংসতার বিরুদ্ধে দায়বদ্ধতার একটি প্রতিজ্ঞার প্রচার অব্যাহত রাখবে। এপ্রিলে এর সূচনার পর থেকে, OPDV গর্বের সাথে দুইজন নিউ ইয়র্ক স্টেট কর্মকর্তা এবং 10টি নিউ ইয়র্ক স্টেট এজেন্সির সাথে অংশীদারিত্ব করতে এবং তাদের উপর আলোকপাত করতে পেরে গর্বিত হয়েছে, যেহেতু তারা দায়বদ্ধতার প্রতিজ্ঞাটি গ্রহণ করেছে।

এছাড়াও এজেন্সিটি নিউ ইয়র্ক স্টেট ক্লথসলাইন প্রকল্পের আয়োজন করে গৃহনির্যাতন সচেতনতা মাসের স্বীকৃতিদান করবে। 1990 সালের অক্টোবর মাসে প্রথম ক্লথসলাইন প্রকল্প দেখা যায় যখন বার্ষিক "টেক ব্যাক দ্য নাইট" মার্চ এবং র‍্যালির অংশ হিসেবে ম্যাসাচুসেটসের হিয়ানিসের গ্রিন গ্রামে 31টি শার্ট প্রদর্শন করা হয়। পুরো দিনজুড়ে, নারীরা শার্ট তৈরি করতে এগিয়ে আসে এবং লাইনটি বড় হতে থাকে। এই পদক্ষেপটি অনেক উদ্দেশ্য পূরণ করে। যারা ক্লথসলাইন দেখতে আসবে তাদের জন্য এটি একটি শিক্ষার ব্যবস্থা হিসেবে কাজ করে; শার্ট

বানানো সকলের জন্য এটি নিরাময়ের একটি ব্যবস্থা হিসেবে কাজ করে, লাইনে শার্ট ঝোলানোর মাধ্যমে ভুক্তভোগী, বন্ধু এবং পরিবার আক্ষরিক অর্থেই তাদের অভিজ্ঞতার কিছু দুঃখকে পিঠ দেখিয়ে সেখান থেকে চলে যেতে পারে; অবশেষে যারা এখনো নীরবে সহ্য করতে তাদেরকে এটি অনুভব করতে দেয় যে তারা একা নয়। এম্পায়ার স্টেট প্লাজার (Empire State Plaza) কনকোর্সের এই প্রদর্শনীটি স্থানীয় সেবাদানকারী এবং নিউ ইয়র্ক স্টেট সংস্থান সম্পর্কে তথ্য প্রদান করবে।

এছাড়াও OPDV 'গৃহনির্যাতন 101' আয়োজন করবে, এটি স্থানীয় জেলা, বেসরকারি অলাভজনক এজেন্সি, মিউনিসিপ্যালিটিতে কাজ করা কর্মী, সুপারভাইজার, এবং প্রশাসকদের জন্য, এবং লিঙ্গ ভিত্তিক এবং গৃহনির্যাতনের ভুক্তভোগীদের সাহায্য করা অন্যান্য পেশাদারদের জন্য একটি এক ঘণ্টার ভার্চুয়াল প্রশিক্ষণ কোর্স। ওয়েবভিত্তিক প্রশিক্ষণটি হলো লিঙ্গভিত্তিক এবং গৃহনির্যাতনের একটি মৌলিক পরিচিতি, যেখানে সংজ্ঞা, সম্মতির সংজ্ঞা এবং পরিসংখ্যান থাকবে।

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন, "গৃহনির্যাতন পুরো নিউ ইয়র্কের বহু ব্যক্তি ও পরিবারকে মর্মান্তিক এবং বিধ্বংসী ফলশ্রুতি দ্বারা প্রভাবিত করে, এবং তাই ভুক্তভোগীরা যাতে বিশেষ সংস্থান ও অবিচল সমর্থন লাভ করে তা অত্যন্ত গুরুত্বপূর্ণ। একটি কর্মপরিকল্পনাসহ এই সমস্যার সমাধানে গভর্নর হোকলের নিবেদন ও প্রতিশ্রুতির জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেট শিশু ও পরিবার পরিষেবা অফিসের (Office of Children and Family Services, OCFS) ভারপ্রাপ্ত কমিশনার সুজান মাইলস-গুস্তাভ বলেন, "গৃহনির্যাতনের ভুক্তভোগীদের এমন দুর্দান্ত চ্যাম্পিয়ন হওয়ার জন্য আমরা গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ। OCFS আমাদের শিশুদের সুরক্ষা দিতে এবং পরিবারকে বলীয়ান করতে কাজ করে,টি এই এটি স্পষ্ট যে মানবসেবা এজেন্সি এবং অ্যাডভোকেটদের মধ্যকার সহযোগিতা হলো শিশুদের এবং তাদের জীবনের প্রাপ্তবয়স্কদের নিরাপদ রাখার জন্য মুখ্য। OPDV এর সাথে আমাদের দীর্ঘদিনের অংশীদারিত্ব নিয়ে আমরা গর্বিত, যেখানে সামাজিক সেবার স্থানীয় জেলাগুলির কর্মী প্রশিক্ষণ এবং নিরাপদ ও একত্রে মডেল বাস্তবায়নে সাহায্য করতে আমরা সহায়তা করি, মডেলটি গৃহনির্যাতনের মোকাবেলা করার জন্য একটি শক্তিভিত্তিক পন্থা। এই মাস চলাকালে, জনসচেতনতা ও শিক্ষা কর্মসূচির মাধ্যমে এইসব প্রয়াসকে আরো সমর্থন করতে পেরে এবং একই সাথে আমাদের স্থানীয় আশ্রয়কেন্দ্রগুলি যাতে গৃহনির্যাতনের ভুক্তভোগীদের আরো ভালো সেবা ও যথাযথ সংস্থান প্রদান করতে পারে তার জন্য প্রয়োজনীয় সংস্থান প্রদান করতে পেরে OCFS সম্মানিত বোধ করছে।"

নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিসের (Office of Temporary and Disability Assistance, OTDA) ভারপ্রাপ্ত কমিশনার বারবারা সি. গুইন বলেন, "গৃহনির্যাতন এবং দারিদ্র্যের মধ্যকার সম্পর্ক অস্বীকার করা যাবে না এবং গৃহনির্যাতন সচেতনতা মাস হলো লিঙ্গভিত্তিক সহিংসতার ভুক্তভোগীদের সমর্থনে আমাদের প্রয়াস আরেকবার দ্বিগুণ করার ক্ষেত্রে আমাদের সকলের জন্য ভালো একটি সময়। কে ঘনিষ্ঠ অংশীদারের হাতে নির্যাতনের শিকার হতে পারে তা সনাক্ত করতে এবং তাদের জীবন স্থিতিশীল করতে প্রয়োজনীয়

সমর্থন ও সেবার সাথে তাদের সংযুক্ত করে দিতে সম্মুখসারির সামাজিক সেবা কর্মীরা যাতে প্রশিক্ষণ পায় তা নিশ্চিত করতে OPDV এর সাথে নিজেদের প্রয়াস নিয়ে OTDA গর্বিত।"

নিউ ইয়র্ক স্টেট অপরাধ ন্যায়বিচার সেবা বিভাগের (Division of Criminal Justice Services, DCJS) কমিশনার রোসানা রোসাডো বলেন, "স্থানীয় অপরাধ ন্যায়বিচার অংশীদার এবং আন্তঃব্যক্তিগত সহিংসতার শিকার ও ভুক্তভোগীদের নিরাপদে জীবনযাপনের জন্য প্রয়োজনীয় সেবা ও সমর্থন খুঁজে দিতে সাহায্যকারী ও সম্প্রদায়ভিত্তিক সংগঠনকে তহবিল, প্রশিক্ষণ এবং অন্যান্য সংস্থান প্রদান করতে আমার দল প্রতিশ্রুতিবদ্ধ। এই ব্যাপারে গভর্নর হোকলের অব্যাহত প্রতিশ্রুতির জন্য এবং নিউ ইয়র্ককে সকলের জন্য নিরাপদ একটি স্থান করা নিশ্চিত করতে নিরলসভাবে কাজ করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেট ভিকটিম সেবা অফিসের (Office of Victim Services, OVS) পরিচালক এলিজাবেথ ক্রোনিন বলেন, "গৃহনির্যাতন দ্বারা প্রভাবিত ব্যক্তিরা এর পরবর্তীতে সাহস ও শক্তি প্রদর্শন করে, কিন্তু তাদের জানা থাকা উচিত যে তারা একা নয়। এই অপরাধের শিকার হওয়ার পরের জীবনের জন্য শারীরিক ও মানসিক, উভয়ভাবে নিরাময় অত্যাবশ্যকীয়। ভুক্তভোগীদের সমর্থন করার জন্য এবং নিউ ইয়র্ক যাতে নতুন করে জীবন শুরু করতে শোষণকে পেছনে ফেলতে চাওয়া ব্যক্তিদের একটি নিরাপদ স্থান প্রদান করতে পারে তা নিশ্চিত করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

নিউ ইয়র্কের পারিবারিক ও যৌন সহিংসতার হটলাইন (Domestic and Sexual Violence Hotline) 24/7 বিনামূল্যে, গোপন সমর্থন প্রদান করে এবং এটি বেশিরভাগ ভাষায় উপলভ্য: 800-942-6906 (ফোন), 844-997-2121 (টেক্সট) or @opdv.ny.gov (চ্যাট)। ব্যক্তিরা এছাড়াও www.ovs.ny.gov/connect ভিজিট করে নিজেদের সম্প্রদায়ে একটি ভুক্তভোগীদের সহায়তা কর্মসূচি খুঁজে নিতে পারবে। ভিকটিম সেবা অফিস পুরো স্টেটে 239টি সম্প্রদায়ভিত্তিক কর্মসূচির অর্থায়ন ও সমর্থন করে যারা গৃহনির্যাতন ও যৌন নির্যাতন এবং অন্যান্য অপরাধের ভিকটিম, ভুক্তভোগী, এবং তাদের পরিবারের সঙ্কট কাউন্সেলিং, সাপোর্ট গ্রুপ, কেস ব্যবস্থাপনা, জরুরি আশ্রয়, সিভিল আইনি সাহায্য, এবং স্থানান্তর সহায়তা ইত্যাদি সহায়তার মতো অত্যাবশ্যকীয় সেবা প্রদান করে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন